



# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK

### আইসিটি বিভাগ

সূত্র: ২/২২/১১০/ ৫২৭

তারিখ: ০১-০৮-২০২২

সকল আঞ্চলিক ব্যবস্থাপক  
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা  
সকল শাখা ব্যবস্থাপক  
সকল বিভাগ প্রধান, প্রধান কার্যালয়  
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

**বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় উদ্ভাবনী আইডিয়া আহবান প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে, মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে এপিএ চুক্তির আওতায় ব্যাংকের গ্রাহক সেবার মান বৃদ্ধি, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজকরণের লক্ষ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক এ বিষয়ে ব্যাংকের মাঠ পর্যায়ে গঠিত ইনোভেশন টিম, সকল আঞ্চলিক ব্যবস্থাপক ও প্রধান কার্যালয়ের সকল বিভাগ প্রধানের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। ব্যাংকের অভ্যন্তরীণ বিদ্যমান কার্যক্রমে আধুনিকতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর সূচক ১.১ মোতাবেক ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য কর্মকর্তা-কর্মচারীদের শ্রম এবং প্রতিষ্ঠান ও গ্রাহকের ব্যয় সাশ্রয়ী উপযুক্ত সেবা প্রদানের নিমিত্তে সেবা সহজিকরণ/সেবা ডিজিটাইজেশন সম্পর্কিত উদ্ভাবনী ধারণা আহবান করা হলো।

৩। সেলক্ষ্যে ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী কর্তৃক প্রদানকৃত নতুন উদ্ভাবনী ধারণাসমূহ আগামী ১৭-০৮-২০২২ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ইনোভেশন অফিসার বরাবর হার্ডকপি এবং সফটকপি [avubcomputer@gmail.com](mailto:avubcomputer@gmail.com), [ict@ansarvdpbank.gov.bd](mailto:ict@ansarvdpbank.gov.bd) তে ই-মেইলযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এ সংক্রান্ত একটি ছক অত্র পত্রের সাথে সংযুক্ত করা হলো।

৪। আঞ্চলিক ব্যবস্থাপকগণকে স্ব স্ব অঞ্চলস্থ শাখাসমূহে সংযুক্ত ছকটি প্রেরণ নিশ্চিতকরণ এবং অঞ্চল হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে উপব্যবস্থাপনা পরিচালক ও ইনোভেশন অফিসার মহোদয়ের দপ্তর, প্রধান কার্যালয় এ প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

(তৌহিদ মোহাম্মদ শোয়েব)

প্রোগ্রামার

ও

সদস্য-সচিব, ইনোভেশন টিম

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

- ১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (কেন্দ্রীয় হিসাব ও নিরীক্ষা এবং অপারেশন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। নথি / মহানথি।

**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.

Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615

Website: [www.ansarvdpbank.gov.bd](http://www.ansarvdpbank.gov.bd) E-mail: [info@ansarvdpbank.gov.bd](mailto:info@ansarvdpbank.gov.bd)



# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ANSAR-VDP UNNAYAN BANK

উদ্ভাবনী আইডিয়া প্রেরণের ছক

- ১। উদ্ভাবনী ধারণার নাম:
- ২। সেবাটি বর্তমানে কিভাবে প্রদান করা হয়:
- ৩। বিদ্যমান সমস্যা ও সমস্যার প্রভাব:
- ৪। বিদ্যমান সমস্যার প্রস্তাবিত সমাধান:
- ৫। উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নে প্রয়োজনীয় রিসোর্স:
- ৬। উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নে প্রয়োজনীয় জনবল:
- ৭। সম্ভাব্য প্রয়োজনীয় কারিগরী সহায়তা:
- ৮। অন্যান্য সহায়তা (যদি প্রয়োজন হয়):
- ৯। উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের জন্য TCV (Time-Cost-Visit) নির্ধারণ:
  - অর্থাৎ উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়িত হলে আগের চেয়ে কত সময় লাগবে
  - উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়িত হলে ব্যয় পূর্বের তুলনায় কতখানি কমবে
  - উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়িত হলে visit পূর্বের তুলনায় কতখানি কমবে
- ১০। উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের পরিকল্পনার ধাপসমূহ:
- ১১। উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নকাল (শুরু থেকে সমাপ্তি পর্যন্ত):
- ১২। যে কর্মকর্তার নেতৃত্বে কাজটি সম্পন্ন হবে তার নাম ও পদবী:
- ১৩। প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি কি পরিবর্তন আসবে):
- ১৪। পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদণ্ড):
- ১৫। উদ্ভাবনী ধারণা প্রদানকারীর নাম পদবী ও মোবাইল নম্বর:
- ১৬। উদ্ভাবনী ধারণা প্রদানকারীর শাখা/কার্যালয়/বিভাগের নাম:
- ১৭। উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের সম্ভাব্য ব্যয়:
- ১৮। উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের ক্ষেত্রে কোন ঝুঁকি আছে কিনা?
- ১৯। উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের জন্য ব্যাংকের আইন, নীতিমালা, পলিসি, সার্কুলার সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে কিনা?

.....  
উদ্ভাবনী আইডিয়া প্রদানকারীর স্বাক্ষর  
ও তারিখ

**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.

Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615

Website: www.ansarvdpbank.gov.bd E-mail: info@ansarvdpbank.gov.bd